

# 💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৯০২

৫. হজ অধ্যায় (كتاب المناسك)

পরিচ্ছেদঃ ৪২, হাজরে আসওয়াদে চুম্বন করা প্রসঙ্গে

بَابِ فِي تَقْبِيلِ الْحَجَرِ

### আরবী

أَخْبَرَنَا أَبُو عَاصِمٍ عَنْ جَعْفَرِ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ عُتْمَانَ قَالَ رَأَيْتُ مُحَمَّدَ بْنَ عَبَّادِ بْنِ جَعْفَرٍ يَسْتَلِمُ الْحَجَرَ ثُمَّ يُقَبِّلُهُ وَيَسْجُدُ عَلَيْهِ فَقُلْتُ لَهُ مَا هَذَا فَقَالَ رَأَيْتُ خَالَكَ عَبْدَ اللَّهِ بْنَ عَبَّاسٍ يَفْعَلُهُ ثُمَّ قَالَ رَأَيْتُ عُمَرَ فَعَلَهُ ثُمَّ قَالَ إِنِي لَأَعْلَمُ أَنَّكَ حَجَرٌ وَلَكِنِي رَأَيْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَفْعَلُ هَذَا

#### বাংলা

১৯০২. জা'ফর ইবনু আব্দুল্লাহ ইবনু উছমান বলেন, আমি মুহাম্মদ ইবনু আব্বাদ ইবনু জা'ফর রাহি. কে দেখেছি, তিনি হাজরে আসওয়াদ ইসতিলাম করলেন অতঃপর এতে চুমা দিলেন ও এর উপর সাজদা করলেন। তখন আমি তাঁকে বললাম, এটা আবার কি (করলেন)? জবাবে তিনি বললেন, 'আমি তোমার মামা আব্দুল্লাহ ইবনু আব্বাস রাদ্য়িল্লাছ আনহুমা কে এটি করতে দেখলাম। এরপর তিনি বললেন, 'আমি উমার রাদ্য়িল্লাছ আনহু কে এটি করতে দেখলাম। এরপর তিনি (উমার) বললেন, 'আমি জানি তুমি শুধুই একটি পাথর। কিন্তু আমি রাসূল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম-কে এরূপ করতে দেখেছি।'[1]

### ফুটনোট

## [1] তাহক্বীক: এর সনদ সহীহ।

তাখরীজ: ইবনু খুয়াইমা নং ২৭১৪; বায়যার, বাহরুয় যুখ্খার নং ২১৫; হাকিম ১/৪৫৫; বাইহাকী, হাজ্জ ৫/৭৪; তায়ালিসী, ১/২১৫ নং ১০৪৩; আবূ ইয়ালা নং ২১৯; উকাইলী, আদ দুয়া'ফা ১/১৮৩ মুরসাল হিসেবে সহীহ সনদে; আব্দুর রায়যাক নং ৮৯১২ সহীহ সনদে ইবনু আব্বাসের আমল হিসেবে; শাফিন্ট, আল উম্ম ২/১৭১; আর হাকিম ১/৪৭৩ তে ইবনু আব্বাস সূত্রে নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম হতে বর্ণনা করেছেন যে, তিনি এরূপ করেছেন। এবং তিনি একে সহীহ বলেছেন, যাহাবী তা সমর্থন করেছেন। পূর্ণ তাখরীজের জন্য দেখুন, মুসনাদূল



মাউসিলী নং ১৮৯, ২১৭, ২১৮, ২১৯, ২২০, ২২১; মাজমাউয যাওয়াইদ ৫৫৪৯, ৫৫৫০।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন